



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১০

১১ এপ্রিল ২০২২  
তারিখ : -----  
২৮ চৈত্র ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-২৩, তারিখ: ০২ ডিসেম্বর ২০০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোল্লিখিত সার্কুলারের মাধ্যমে সকল প্রকার আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে মার্জিনের হার নির্ধারণ করা যাবে মর্মে নির্দেশনা দেয়া হয়।

৩। বিরাজমান বৈশ্বিক বাণিজ্য প্রেক্ষাপটে মুদ্রা ও ঋণ ব্যবস্থাপনার সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে শিশুখাদ্য, জ্বালানিসহ অত্যাবশ্যকীয় খাদ্যপণ্য, জীবন রক্ষাকারী ঔষধ, স্থানীয় ও রপ্তানিমুখী শিল্প এবং কৃষি খাত সংশ্লিষ্ট আমদানি ব্যতীত অন্যান্য সকল পণ্য আমদানির বিপরীতে ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে নগদ মার্জিন হার ন্যূনতম ২৫ শতাংশ সংরক্ষণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২